*কৃষিই সমৃদ্ধি*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

স্মারক নং: ১২.০৫.০০০০.০১৮.৪০.০০১.১৮. ১২৯২

তারিখ : ১২ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

## কৃষি ডাইরি/২০২১ ও টেলিফোন নির্দেশিকা/২০২১ মুদ্রণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : কার্তিক চন্দ্র চক্রবর্তী, পরিচালক
স্থান : কনফারেন্স রুম, তারিখ : ২৪-০৮-২০২০খ্রি, সময় : বিকাল ৩.০০টা
উপস্থিতি : পরিশিষ্ট- ''ক''

সভার শুরুতে পরিচালক মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কৃষি ডাইরি/২০২০ এর উপর পর্যালোচনাপূর্বক কৃষি ডাইরি/২০২১ ও টেলিফোন নির্দেশিকা ২০২১ প্রকাশের জন্য দিক নির্দেশনা দেন । বিভিন্ন দপ্তর থেকে টেলিফোন নম্বর (কর্পোরেট নম্বরসহ) নতুন তথ্য প্রযুক্তি সংগ্রহ ও অর্ন্তভূক্তির ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ০১. | ২০২১ সনের কৃষি ডাইরির জন্য বিভিন্ন দপ্তর থেকে বাংলা, ইংরেজি ও আরবী মাসের তারিখ, ই-মেইল, ফোন নম্বর সংগ্রহ ও যোগাযোগ করা। | কৃষি ডাইরি/২০২১ সনের জন্য বাংলা একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন এবং আবহাওয়া অধিদপ্তর থেকে বাংলা, ইংরেজি ও আরবী মাসের তারিখ, ফোন নম্বরসমূহ তথ্যাদি আগামী ১৫/০৯/২০২০ তারিখের মধ্যে সংগ্রহের জন্য দ্রুত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামকমিউনিকেটর ও স্ক্রীপ্ট রাইটার উপপরিচালক (গণযোগাযোগ) সমন্বয় করবেন। |
| ০২. | কৃষি ডাইরি/২০২১ মুদ্রণ সংক্রান্ত বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত তথ্যাবলী যাচাই বাছাই, হালনাগাদ এবং সজ্জিতকরণ করার জন্য কমিটি গঠন। | কমিটি নিম্নরুপ:<br>১. তথ্য অফিসার (পিপি)- আহবায়ক<br>২. তথ্য অফিসার (কৃষি)- সদস্য<br>৩. সম্পাদক-সদস্য<br>৪. সিনিয়র কম্পোজিটর-সদস্য<br>৫. স্ক্রীপ্ট রাইটার- সদস্য সচিব<br>এছাড়াও কমিটির উপদেষ্টা হিসাবে প্রকল্প পরিচালক এবং উপপরিচালক (গণযোগাযোগ) থাকবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং প্রধান তথ্য অফিসার সার্বিক তত্বাবধান করবেন। |
| ০৩. | করোনা প্রভাবের জন্য গত বছরের কৃষি ডাইরির অবিক্রিত ১৩৮০টি কপির বিষয় সংক্রান্ত।<br><br>কৃষি ডাইরি/২০২১ এর সাইজ এবং কভারের কালার এবং মুদ্রণ সংখ্যা সংক্রান্ত আলোচনা করা হয়। | করোনা প্রভাবের জন্য গত বছরের ১১০০০ কপি কৃষি ডাইরির মধ্যে ১৩৮০টি ডাইরি অবিক্রিত রয়েছে৷ যা কৃষি মন্ত্রণালয়কে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।<br><br>কৃষি ডাইরি/২০২১ এর সাইজ ২০২০ সালের ডাইরির অনুরুপ (এ্যাম্বুশ ও বাইন্ডিংসহ) এবং ডাইরির কালার হবে চারটি। কালো-৩০০০ কপি, মেরুন-৩০০০ কপি, বাদামী-৩০০০ কপি এবং সবুজ-২০০০ কপি মোট-১১০০০ কপি। এছাড়াও টেলিফোন নির্দেশিকা/২০২১ এর সাইজ হবে ২০২০ সনের অনুরুপ এবং সংখ্যা ৪০০০ কপি। | প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার দায়িত্ব পালন করবেন।<br><br>প্রেস ম্যানেজার ও ক্রয় সংক্রান্ত কমিটি |
| ০৪. | কৃষি ডাইরি/২০২১ এর জন্য বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর হতে অবসর প্রাপ্ত কৃষিবিদসহ সংশ্লিষ্টদের তালিকা সংযোজন করা | কৃষি ডাইরি/২০২১ এর জন্য বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর হতে অবসর প্রাপ্ত কৃষিবিদগণের আপগ্রেড তালিকা ১৫/০৯/২০২০ তারিখের মধ্যে সংগ্রহ করার জন্য পত্র প্রেরণ। | প্রোগ্রামকমিউনিকেটর ও স্ক্রীপ্ট রাইটার |
| ০৫. | মুজিব বর্ষ উপলক্ষ্যে ২০২১ সনের কৃষি ডাইরিতে নতুন তথ্য সংযোজন ও বিয়োজন সংক্রান্ত। | ক) কৃষি ডাইরিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, মুজিব বর্ষের লগো সংযোজন এবং বঙ্গবন্ধুর কৃষি বিষয়ক বাণীসমূহ লিপিবদ্ধকরণ।<br>খ) ব্রী, বারি, বাউ-জার্মপ্লাজমসহ বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রকাশিত ও প্রেরিত বিভিন্ন ফসলের/জাতের সংখ্যা ও বৈশিষ্ট সংশ্লিষ্ট তথ্যাদি সংক্ষিপ্ত করণ। যে সকল জাত মাঠে জনপ্রিয় ও ব্যাপকভাবে চাষাবাদ হয় শুধু সেগুলো রাখা। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংক্ষিপ্ত তথ্য প্রদানের জন্য বিশেষ অনুরোধ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) করানাকালীন কৃষি, বন্যা ও পরবর্তীতে করণীয়, কৃষিতে আধুনিক কৃষি যন্ত্রপাতি ব্যবহার, ফসল পঞ্জিকা হালনাগাদ ও নতুন ভাবে সংযোজন সংযোজন করা। | সংশ্লিষ্ট কমিটিসহ কর্মকর্তা/কর্মচারীগণ |

| ক্রমিক নং | আলোচ্য-বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারী |
|---|---|---|---|
| ০৬. | কৃষি ডাইরি/২০২১ এর মূল্য নির্ধারণ এবং ছাপানোর জন্য কৃষি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতি গ্রহণ। | গত বছরের ন্যায় ২০২১ সনের কৃষি ডাইরির মূল্য ২০০/- (দুইশত) টাকা নির্ধারণের প্রস্তাব এবং প্রশাসনিক অনুমোদনের জন্য কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক কর্মকর্তা/জনাব সঞ্জিত কুমার ভৌমিক, অফিস সহকারী |
| ০৭. | কৃষি ডাইরি/২০২১ দ্রুত ও নির্ভূলভাবে কম্পোজ | তথ্য পাওয়া মাত্র কম্পোজ সেকশন হতে কৃষি ডাইরি/২০২১ ও টেলিফোন নির্দেশিকা ২০২১ এর কম্পোজ নির্ধারিত সময়ের মধ্যে নির্ভূলভাবে সমাপ্তকরণ। | প্রেস ম্যানেজার এর তত্বাবধানে সিনিয়র কম্পোজিটর/জনাব তাহেরা খাতুন, জনাব আশরাফুন নাহার, এবং ইসতিয়াক হোসেন, (কম্পোজিটরগণ) করবেন। |
| ০৮. | ২০২১ সনের কৃষি ডাইরি মুদ্রণের কাজ আগামী ১৫ ডিসেম্বর/২০২০ এর মধ্যে সম্পন্ন করণ। | ২০২১ সনের কৃষি ডাইরি এর মুদ্রণের কাজ অক্টোবর/২০২০ মাসে শুরু এবং ১৫ ডিসেম্বর/২০২০ এর মধ্যে সকল কৃষি ডাইরি ডেলিভারী গ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট কমিটি, প্রেস ম্যানেজার, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ |
| ০৯. | কৃষি ডাইরি/২০২১ এর স্পেসিফিকেশন সহ ব্যয় প্রাক্কলন তৈরি, টেন্ডার আহবান ও প্রক্রিয়াকরণ। | কৃষি ডাইরি/২০২১ এবং টেলিফোন নির্দেশিকার স্পেসিফিকেশনসহ প্রাক্কলন তৈরি (উন্নতমানের কাগজ, কভার, বাইন্ডিং ও বক্স) করে সেপ্টেম্বর/২০২০ এর মধ্যে টেন্ডার আহবানসহ প্রাসঙ্গিক কাজসমূহ সম্পাদন করার সিদ্ধান্ত হয়। | প্রধান তথ্য অফিসারের সাথে আলোচনা করে প্রেস ম্যানেজার ও হিসাবরক্ষণ অফিসার/সঞ্জিত কুমার ভৌমিক, অফিস সহকারী |
| ১০. | ২০২১ সনের কৃষি ডাইরির নির্ভুল প্রুফ দেখা | প্রুফ সেকশন হতে কৃষি ডাইরি/২০২১ এর প্রুফ নির্ভুলভাবে দেখা এবং চূড়ান্ত কপি অক্টোবর/২০২০ এর মধ্যে দাখিল করার সিদ্ধান্ত হয়। | প্রেস শাখার তত্বাবধানে মাসকিংম্যান এবং কপি হোল্ডার দায়িত্ব পালন করবেন। |
| ১১. | আগামী সভার সম্ভাব্য তারিখ নির্ধারণ | কৃষি ডাইরি/২০২১ মুদ্রণ কাজের অগ্রগতি বিষয়ে পরবর্তী সভার সম্ভাব্য তারিখ ১৭/০৯/২০২০ খ্রি. । | সংশ্লিষ্ট কমিটি ও প্রশাসনিক অফিসার |

কৃষি ডাইরি/২০২১ ও টেলিফোন নির্দেশিকা/২০২১ মুদ্রণ বিষয়ে প্রধান তথ্য অফিসার সার্বিক দায়িত্ব পালন ও সমন্বয় করবেন। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৬/০৮/২০২০

(কার্তিক চন্দ্র চক্রবর্তী)
পরিচালক
☎ ৯১১২২৬০
ই-মেইল : dirais@ais.gov.bd

২৬/৮/২০২০

অনুলিপি : (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস
২. প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প, অত্র দপ্তর।
৩. উপপরিচালক (গণযোগাযোগ), কৃষি তথ্য সার্ভিস
৪. তথ্য অফিসার (পিপি)/কৃষি/উপপ্রধান তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার (শ.উ)/বেতার কৃষি অফিসার/সম্পাদক, অত্র দপ্তর।
৫. আঞ্চলিক বেতার কৃষি অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, রংপুর/চট্টগ্রাম/সিলেট/খুলনা
৬. আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, বরিশাল/রাজশাহী/রাঙামাটি/কুমিল্লা/ঢাকা
৭. ফিল্ম প্রোডাকশন অফিসার/প্রেস ম্যানেজার (অ.দা)/প্রশিক্ষণ ও প্রয়োগ অফিসার (চ.দা)/সিল্ক স্ক্রীণ আর্টিস্ট, অত্র দপ্তর
৮. সহকারী তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ/পাবনা এবং লিয়াজোঁ অফিসার, ঠাকুরগাঁ/কক্সবাজার
৯. প্রোগ্রামকমিউনেকেটর, (ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)
১০. প্রশাসনিক অফিসার, কৃষি তথ্য সার্ভিস
১১. সিনিয়র কম্পোজিটর/মাসকিংম্যান/কপি হোল্ডার, কৃষি তথ্য সার্ভিস।
১২. জনা সঞ্জিত কুমার ভৌমিক, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, কৃষি তথ্য সার্ভিস।
১৩. জনাব তাহেরা খাতুন/আশরাফুন নাহার/ইশতিয়াক হোসেন, কম্পোজিটর, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৪. জনাব-----------------------------------------------------